



বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর Bangladesh Rice Research Institute, Gazipur

Phone: PABX-88-02-49272005-14, Fax: 88-02-49272000
E-mail: brrihq@yahoo.com, dg@brrri.gov.bd Website: www.brrri.gov.bd

পত্র নং- ১২, ২২, ০০০০, ০৩২, ০২, ৩৩৩, ২৬/১১৭

২৬ ফেব্রুয়ারি ১৪৩০ বঙ্গাব্দ
তারিখঃ
২৬ এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের নিয়োগ ও পদোন্নতি কমিটি-২ এর গত ০৮-১২-২০২২ তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশ এবং ১০-০৪-২০২৩ তারিখে অনুষ্ঠিত ব্রি বোর্ড অব ম্যানেজমেন্টের ৮৭তম সভার অনুমোদনক্রমে নিম্নবর্ণিত প্রার্থীকে তাহার নামের পার্শ্বে বর্ণিত বেতনস্কেল ও কর্মস্থলে নিম্নলিখিত শর্তাবলী সাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ইনস্টিটিউটের রাজস্ব খাতভুক্ত পদে নিয়োগ করা হইল।

নাম, পিতার নাম ও বর্তমান ঠিকানা	স্থায়ী ঠিকানা	পদ, বিভাগ ও বেতনস্কেল/১৫	পদায়নকৃত কর্মস্থল
মোঃ রোকনুজ্জামান পিতা-মোঃ সাহিদুল ইসলাম মাতা- মোছাঃ রোকসানা বেগম গ্রাম-বিনোদপুর, পোঃ আঞ্চলপুর উপজেলা-রংপুর সদর রংপুর সিটি কর্পোরেশন, রংপুর	গ্রাম-বিনোদপুর, পোঃ আঞ্চলপুর উপজেলা-রংপুর সদর রংপুর সিটি কর্পোরেশন, রংপুর	ইলেকট্রিশিয়ান ব্রি আঞ্চলিক কার্যালয়, রাজশাহী টাঃ ৯৭০০-২৩৪৯০/- (গ্রেড-১৫)	প্রেষণে ইমারত ও নির্মাণ বিভাগ, ব্রি, গাজীপুর।

শর্তাবলীঃ

- নিয়োগপ্রাপ্ত প্রার্থী উল্লিখিত বেতনস্কেলের মূলবেতন ছাড়াও প্রচলিত নিয়মানুযায়ী আনুষঙ্গিক ভাতাদি পাইবেন। বেতনস্কেল ও ভাতাদি উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে পরিবর্তনযোগ্য হইবে।
- তিনি চাকুরিতে যোগদানের পর হইতে ১(এক) বৎসর শিক্ষানবিশি হিসেবে থাকিবেন। তাহার কাজকর্ম সন্তোষজনক না হইলে শিক্ষানবিশকাল অনূর্ধ্ব ৬ (ছয়) মাস বর্ধিত করা যাইতে পারে। সন্তোষজনকভাবে শিক্ষানবিশকাল উত্তীর্ণের পর তাহাকে চাকুরিতে নিয়মিত/স্থায়ী করা হইবে। সন্তোষজনকভাবে শিক্ষানবিশকাল সমাপ্ত না হইলে তাহাকে এক মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান করিয়া চাকুরি হইতে অপসারণ করা হইবে। শিক্ষানবিশি থাকাকালে তিনি এক মাসের পূর্ব নোটিশ অথবা এক মাসের বেতনের সমপরিমাণ টাকা ক্ষতিপূরণ হিসাবে প্রদান করিয়া চাকুরি হইতে ইস্তফা দিতে পারিবেন।
- তাহার আবেদনে প্রদত্ত যেকোন তথ্য মিথ্যা প্রমাণিত হইলে বা স্থায়ী ঠিকানা সম্পর্কে ভবিষ্যতে কোন প্রকার গড়মিল প্রমাণিত হইলে এই নিয়োগ বাতিল বলিয়া গণ্য হইবে।
- চাকুরিতে স্থায়ী হওয়ার পর তিনি নিয়োগদানকারী কর্তৃপক্ষের নিকট তাহার অভিপ্রায় উল্লেখপূর্বক ৩ (তিন) মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান না করিয়া তাহার চাকুরি ত্যাগ করিতে বা চাকুরি হইতে বিরত থাকিতে পারিবেন না এবং এইরূপ নোটিশ প্রদানে ব্যর্থতার ক্ষেত্রে তিনি ইনস্টিটিউটকে তাহার ৩ (তিন) মাসের বেতনের সমপরিমাণ টাকা ক্ষতিপূরণ হিসাবে প্রদান করিতে বাধ্য থাকিবেন। ইনস্টিটিউটে চাকুরিরত অবস্থায় তিনি যদি কোন প্রশিক্ষণ প্রাপ্ত হইয়া থাকেন তবে তাহাকে প্রশিক্ষণের অনুকূলে ব্যয়িত যাবতীয় টাকা এবং উক্ত সময়ের বেতন ও ভাতাদিসহ সমুদয় টাকা অথবা ব্রি কর্তৃক প্রশিক্ষণের অনুকূলে চাকুরি বন্ডের টাকা ইস্তফা প্রদানের সময় ফেরত দিতে বাধ্য থাকিবেন।
- চাকুরিতে যোগদানের সময় তাহাকে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার (প্রযোজ্য ক্ষেত্রে) সকল সার্টিফিকেটের মূল কপি প্রদর্শনপূর্বক সত্যায়িত কপি জমা দিতে হইবে। ইহা ছাড়াও তাহাকে নিম্নবর্ণিত রিপোর্ট ও সার্টিফিকেটের সত্যায়িত কপি জমা দিতে হইবে।
 - শারীরিক সুস্থতার স্বপক্ষে নিজ জেলার সিভিল সার্জনের নিকট হতে স্বাস্থ্য পরীক্ষা ও ডোপটেস্ট রিপোর্টের মূল কপি জমা দিতে হইবে।
 - ব্রি কর্তৃক প্রদত্ত পুলিশ ডেরিফিকেশন ফরম পূরণপূর্বক জমা দিতে হইবে।
 - ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন থেকে নাগরিকত্ব সনদপত্র।
 - প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
 - সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান হইতে প্রাপ্ত টেস্টিমোনিয়ালের সত্যায়িত কপি।
 - জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।
 - জন্ম সনদের সত্যায়িত কপি।
- স্বাস্থ্য পরীক্ষা, ডোপটেস্ট এবং পুলিশ ডেরিফিকেশন রিপোর্ট সঠিক না থাকিলে এই নিয়োগ কর্তৃপক্ষ বাতিল করিতে পারিবেন।